যুগান্তর

তারিখ 02 OCT 2013
পৃষ্ঠা ২১ কলাম ৬

রাজশাহী ও ভোলা পলিটেকনিক

সংঘর্ষ ভাঙচুরের ঘটনায় দু'সহস্রাধিক শিক্ষার্থীর বিরুদ্ধে মামলা

যুগান্তর ডেস্ক

রাজশাহী ও ভোলা পলিটেকনিকে সোমবার সংঘর্ষ ও ভাঙচুরের ঘটনায় দু'সহস্রাধিক শিক্ষার্থীর বিরুদ্ধে মামলা হয়েছে। ভোলায় ৬ শিক্ষার্থীকে আটক করা হয়েছে। যুগান্তর ব্যুরো ও প্রতিনিধিরা জানান—

রাজশাহী ব্যুরো : রাজশাহীতে পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষার্থীদের সঙ্গে পুলিশের সংঘর্ষের ঘটনায় অজ্ঞাতনামা ১৫-১৬শ' জনকে আসামি করে থানায় মামলা হয়েছে। সোমবার রাতে নগরীর বোয়ালিয়া মডেল থানার উপপরিদর্শক আবদুর রাজ্জাক বাদী হয়ে মামলাটি দায়ের করেন। মঙ্গলবার সকালে বোয়ালিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জিয়াউর রহমান জিয়া জানান, সরকারি কাজে বাধা, পুলিশের ওপর হামলা, অগ্নিসংযোগ ও বিস্ফোরক দ্রব্য আইনে অজ্ঞাতনামা দেড় হাজার থেকে ১৬শ' জনকে আসামি করে নগরীর বোয়ালিয়া থানায় মামলা দায়ের করা হয়েছে। অপরদিকে, ঘটনাস্থল থেকে আটককৃতদের থানায় জিজ্ঞাসাবাদ শেষে রাতেই ছেড়ে দেয়া হয়েছে বলেও জানান তিনি।

বোরহানউদ্দিন (ভোলা) : বোরহানউদ্দিনে ভোলা পলিটেকনিকের ৫শ' শিক্ষার্থীর বিরুদ্ধে হত্যা ও ভাঙচুরের দুটি পৃথক মামলা হয়েছে। সোমবার আন্দোলনরত শিক্ষার্থীদের সঙ্গে পুলিশের সংঘর্ষের সময় ইটের আঘাতে একজন আহত হয়ে মারা গেলে ও শিক্ষার্থীরা বাস ভাঙচুরের ঘটনায় রাতে এ দুটি মামলা হয়। ওই দুটি মামলায় জ্ঞাত ও অজ্ঞাত মিলিয়ে প্রায় ৫শ' শিক্ষার্থীকে আসামি করা হয়। এ ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে পুলিশ ভোর রাতে ৬ শিক্ষার্থীকে আটক করে। থানা পুলিশ ও সংশ্লিষ্ট সূত্র জানায়, সোমবার সকালে পলিটেকনিক শিক্ষার্থীরা বোরহানউদ্দিনের দক্ষিণ বাসস্ট্যান্ডে বিআরটিসির একটি বাস ভাঙচুর করে। ওই সময় পুলিশ বাধা দিলে উত্তেজিত শিক্ষার্থীরা এলোপাতাড়ি ইট-পাটকেল নিক্ষেপ করে। ইটের আঘাতে শাহবাজপুর গ্যাসফিল্ডের তৃতীয় শ্রেণীর কর্মচারী আকবর হোসেন গুরুতর আহত হয়। তাকে বরিশাল শেরেবাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নিলে চিকিৎসাধীন অবস্থায় সে মারা যায়। ওই দুই ঘটনায় নিহতের বাবা দিন ইসলাম বাদী হয়ে জ্ঞাত ৯ ও ১৫০ জন অজ্ঞাত শিক্ষার্থীকে আসামি করে হত্যা মামলা দায়ের করেন। অপরদিকে বিআরটিসির [illegible] শাহ সুলতান আহমেদ বাদী হয়ে জ্ঞাত ৩৯ ও অজ্ঞাত [illegible] শিক্ষার্থীকে আসামি করে পৃথক মামলা দায়ের করেন। পুলিশ ভোর রাতে হত্যা মামলায় জড়িত থাকার অভিযোগে পলিটেকনিকের ছাত্র দীপ কুমার কুণ্ডু ও সোহানুর রহমানকে আটক করে। অপরদিকে ভাঙচুরের সঙ্গে জড়িত থাকার অভিযোগে [illegible] হোসেন, [illegible], [illegible] কুমার মজুমদার [illegible]